

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-২(মাঠ প্রশাসন)
www.minland.gov.bd

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৬.০৪.০০১.১১.৮০

তারিখ-২৩ মাঘ ১৪২৪/০৫ ফ্রেব্রুয়ারি ২০১৮।


বিষয়: “Ease of Doing Business” এর সূচকসমূহের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA) এর অনুকূলে হস্তান্তরিত জমির শ্রেণী উল্লেখপূর্বক খতিয়ানের তথ্য ওয়েবসাইটে প্রকাশ সংক্রান্ত।

- সূত্র: ০১। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৩০.০৮.২০১৭ তারিখের বাবিউক/নিঃওসঃস্বঃশিঃ/১৭/১৩৭২(৬) নম্বর স্মারক।
০২। ভূমি মন্ত্রণালয়ের পরিকল্পনা ও উন্নয়ন শাখার ৩০.১১.২০১৭ তারিখের ৩১.০০.০০০০.০৫০.০৬.০০১.২০১৫-১৫০ নম্বর স্মারক।
০৩। ভূমি মন্ত্রণালয়ের আইন-১ অধিশাখার ২৬.১২.২০১৭ তারিখের ৩১.০০.০০০০.০৪২.০৪.০১৯.২০০৮-১০৬০(৬৪) নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারক সমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১০.১০.২০১৭ খ্রি: তারিখে অনুষ্ঠিত “Ease of Doing Business” এর সূচকসমূহের সময়ভিত্তিক কর্মপরিকল্পনার উপর মতামত প্রদান সংক্রান্ত সভায় সিদ্ধান্ত হয়েছে যে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA) এর অনুকূলে হস্তান্তরিত এবং FDI (Foreign Direct Investment) এর সাথে জড়িত যে সকল জমির জরিপ/নামজারি সম্পন্ন করে স্বত্বলিপি/খতিয়ান হালনাগাদ করা হয়েছে এবং ভবিষ্যতে করা হবে সে সকল জমির শ্রেণি উল্লেখসহ হালনাগাদ স্বত্বলিপি/খতিয়ানের কপি সংশ্লিষ্ট জেলা প্রশাসনের ওয়েবসাইটে/ ওয়েবপোর্টালে প্রকাশ করতে হবে।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA) এর অনুকূলে হস্তান্তরিত এবং FDI (Foreign Direct Investment) এর সাথে জড়িত খাস ও অধিগ্রহণকৃত জমির শ্রেণি উল্লেখপূর্বক হালনাগাদ স্বত্বলিপি/খতিয়ানের তথ্য ওয়েবপোর্টালে প্রকাশপূর্বক অত্র মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৩। বিষয়টি অতীব জরুরি।


(মো. আব্দুর রহমান)
উপসচিব
ফোন-৯৫৪০১৭২


জেলা প্রশাসক, (সকল)।

স্মারক নম্বর-৩১.০০.০০০০.০৪৬.০৪.০০১.১১.৮০/৬৪(২০)

তারিখ-২৩ মাঘ ১৪২৪/০৫ ফ্রেব্রুয়ারি ২০১৮।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, প্লট-ই-৬ বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা (বিষয়টি নিয়মিত তদারকি করণের অনুরোধসহ)।
০৪। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, লেভেল ১২, মোনেম বিজনেস ডিষ্ট্রিক্ট, ১১১, বীর উত্তম সি.আর দত্ত রোড, কারওয়ান বাজার, ঢাকা-১২০৫।
০৫। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
০৬। অতিরিক্ত সচিব(উন্নয়ন), ভূমি মন্ত্রণালয়।
০৭। বিভাগীয় কমিশনার (সকল)..... (বিষয়টি নিয়মিত তদারকি করণের অনুরোধসহ)।
০৮। মাননীয় মন্ত্রী/মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
০৯। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন শাখা-১, ভূমি মন্ত্রণালয়।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
১১। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডকরণের অনুরোধসহ)


(মো. আব্দুর রহমান)
উপসচিব
ফোন-৯৫৪০১৭২